

সিটিজেন চার্টার
Citizen Charter
ছাগলনাইয়া থানা, ফেনী।

- ১। বাংলাদেশ পুলিশ জনগনের সেবা প্রদানকারী একটি প্রতিষ্ঠান।
- ২। জাতি, ধর্ম, বর্ণ ও রাজনৈতিক / সামাজিক/অর্থনৈতিক শ্রেণী নির্বিশেষে দেশের প্রতিটি থানার সকল নাগরিকের সমান আইনগত অধিকার লাভের সুযোগ রয়েছে।
- ৩। থানায় আগত সাহায্য প্রার্থীদের আগে আসা ব্যক্তিকে আগে সেবা প্রদান করা হবে।
- ৪। থানায় সাহায্য প্রার্থী সকল ব্যক্তিকে থানা পুলিশ সম্মান প্রদর্শন করবে এবং সম্মান প্রদর্শন সূচক সম্বোধন করবে।
- ৫। থানায় জিডি করতে আসা ব্যক্তিকে আবেদনকৃত বিষয়ে ডিউটি অফিসরে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে এবং আবেদনের ২য় কপিতে জিডি নম্বর, তারিখ এবং সংশ্লিষ্ট অফিসারের স্বাক্ষর সিল মোহরসহ আবেদনকারীকে প্রদান করতে হবে। বর্ণিত জিডি সংক্রান্ত বিষয়ে যথাশীঘ্র সম্ভব ব্যবস্থা গ্রহণ করা হবে এবং গৃহতি ব্যবস্থা পুনরায় আবেদনকারীকে অবহিত করা হবে।
- ৬। থানায় মামলা করতে আসা ব্যক্তির মৌখিক/লিখিত বক্তব্য ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক এজাহারভুক্ত করবে এবং আগত ব্যক্তিকে মামলা নম্বর, তারিখ ও ধারা এবং তদন্তকারী অফিসারের নাম ও পদবী অবহিত করবে। তদন্তকারী অফিসার এজাহারকারীর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে তাকে তদন্তের অগ্রগতি সম্পর্কে অবহিত করবে এবং তদন্ত সমাপ্ত হলে তাকে ফলাফল লিখিতভাবে জানিয়ে দেবে।
- ৭। থানায় মামলা করতে আসা কোন ব্যক্তির মামলা ভারপ্রাপ্ত কর্মকর্তা / থানার ডিইটি অফিসার এন্ট্রি অপারগত প্রকাশ করলে তখন উক্ত বিষয়টির উপর প্রতিকার চেয়ে নিম্ন বর্ণিত নিয়মানুযায়ী আবেদন করবেন।
(ক) মেট্রোপলিটন এলাকায় সহকারী পুলিশ কমিশনার (জোন) / জেলায় সহকারী পুলিশ সুপার (সার্কেলে) এর নিকট আবেদন করবেন।
(খ) তিনি যদি উক্ত বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে উক্ত ব্যক্তি ডেপুটি পুলিশ কমিশনার / জেলা পুলিশ সুপার এ নিকট আবেদন করবেন।
(গ) অতঃপর তিনিও যদি উক্ত ব্যক্তির বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে উক্ত ব্যক্তির সংশ্লিষ্ট কমিশনার /ডিআইজি এর নিকট আবেদন করবেন।
(ঘ) তারা কেউ উক্ত বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করলে মহা-পুলিশ পরিদর্শকের নিকট উক্ত বিষয়ে প্রতিকার চেয়ে আবেদন করবেন।
- ৮। আহত ভিকটিমকে থানা হতে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে এবং এ বিষয়ে থানা সকল মেডিক্যাল সার্টিফিকেট সংগ্রহ করবে।
- ৯। শিশু /কিশোর অপরাধী সংক্রান্ত বিষয়ে শিশু আইন ১৯৭৪ এর বিধান অনুসরণ করা হবে এবং তারা যাতে কোভাবেই বয়স্ক অপরাধীর সংস্পর্শে না আসতে পারে তা নিশ্চিত করা হবে। এজন্য দেশের সকল থানায় পথ্যক্রমে কিশোর হাজত থানার ব্যবস্থা করা হবে।
- ১০। মহিলা আসামী/ভিকটিমকে যথা সম্ভব মহিলা পুলিশের মাধ্যমে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবে।
- ১১। দেশের কিছু সংখ্যক থানায় ওয়ানস্টপ ডেলিভারী সার্ভিস চালু করা হয়েছে। পথ্যক্রমে উক্ত ওয়ানস্টপ ডেলিভারী সার্ভিস সেন্টার দেশের সকল থানায় প্রবর্তন করা হবে।
- ১২। আহত/ মানসিকভাবে বিপন্ন বভকটিমকে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবে।
- ১৩। পাসপোর্ট/ ভিরিফিকেশন /আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ইত্যাদি বিষয়ে সকল অনুসন্ধান প্রাপ্তির ০৩ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হবে।
- ১৪। থানা হতে বর্ণিত আইনগত সহযোগিতা না পাওয়া গেলে বা কোন পুলিশ গেলে বা কোন পুলিশ সদস্যের বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে উৎসাহিত কর্তৃপক্ষ ঃ
(ক) লিখিত অভিযোগ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে কায্যকর আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন এবং তা অভিযোগকারীকে অবহিত করবেন।
(খ) ব্যক্তিগতভাবে হাজির হওয়া ব্যক্তির বক্তব্য মনোযোগ সহকারে শুনবেন, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং তা অভিযোগকারীকে জানাবেন।
(গ) টেলিফোনে প্রাপ্ত সংবাদের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১৫। সকল থানায় মেট্রোপলিটন এলাকার জন্য কমিশনার, ডিসি, এডিসি, এবং জোনাল এসি এবং জেলার জন্য পুলিশ সুপার, অতিঃপুশে সুপার, এএসপি এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার টেলিফোন নম্বর থানায় প্রকাশ্যে স্থানে প্রদর্শিত হবে।
- ১৬। মেট্রোপলিটন ও জেলায় কর্তব্যরত সকল পথ্যক্রমে অফিসারগণ প্রতি কায্যদিবসে নির্ধারিত সময়ে সকল সাহায্য প্রদান করবে।
- ১৭। থানার পুলিশ সদস্যগণ কমুনিটির সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ রক্ষা করবেন এবং কমুনিটি ওরিয়েন্টেড পুলিশ সার্ভিস চালু করবেন।
- ১৮। উৎসাহিত পুলিশ কর্মকর্তাগণ নিয়মিত কমুনিটির সহিত অপরাধ দমন মূলক/জনসংযোগ মূলক সভা করবেন এবং সামাজিক সমস্যা সমূহের আইনগত সমাধানের প্রয়াস চালাবেন।
- ১৯। বিদেশে চাকুরী/ উচ্চ শিক্ষার জন্য গমনেচ্ছু প্রার্থীদের পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করবে।
- ২০। ব্যাংক হতে কোন প্রতিষ্ঠান অধিক পরিমাণ টাকা উত্তোলন করলে উক্ত টাকা নিরাপদে নেওয়ার জন্য চাহিদা অনুযায়ী পুলিশ এক্সার্টের ব্যবস্থা করা হবে।
- ২১। মেট্রোপলিটন শহর / জেলা শহরে যানবাহন নিয়ন্ত্রনে ট্রাফিক বিভাগ, ট্রাফিক সংশ্লিষ্ট কি কি সেবা প্রদান করছে তা প্রকাশ্যে স্থানে প্রদর্শিত হবে।



(মোহাম্মদ আবুল বাশার)
পুলিশ পরিদর্শক(নিঃ)
অফিসার ইনচার্জ
ছাগলনাইয়া থানা, ফেনী।